

প্রকাশ : ৪ জানুয়ারি, ২০১৮ ১৭:১৭
আপডেট : ৪ জানুয়ারি, ২০১৮ ১৭:৫৩

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

ঢাকা সিটিতে ভোট ২৬ ফেব্রুয়ারি

| নিজস্ব প্রতিবেদক



ঢাকা উত্তর সিটির মেয়র পদে উপনির্বাচন এবং দুই (উত্তর-দক্ষিণ) সিটির নতুন ৩৬ ওয়ার্ডের ভোট অনুষ্ঠিত হবে আগামী ২৬ ফেব্রুয়ারি। এই নির্বাচনের তফসিল আগামী ৯ জানুয়ারি ঘোষণা করা হবে।

বৃহস্পতিবার রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে এক বৈঠক শেষে কমিশনের ভারপ্রাপ্ত সচিব হেলালুদ্দীন আহমদ এই কথা জানান।

২০১৫ সালের এপ্রিলে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের ভোট হয়েছিল। আড়াই বছরের মাথায় ৩০ নভেম্বর মারা যান উত্তর সিটির মেয়র আনিসুল হক। এরপর ১ ডিসেম্বর থেকে তার পদ শূন্য ঘোষণা করে স্থানীয় সরকার মন্ত্রণালয়।

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ অনুযায়ী মেয়র বা কাউন্সিলের মেয়াদ শেষ হওয়ার ১৮০ দিনের আগে যদি কোনো পদ শূন্য হয়, তবে ৯০ দিনের মধ্যে সেখানে উপনির্বাচন হবে। এই হিসাবে ফেব্রুয়ারির মধ্যে সেখানে নির্বাচনের বাধ্যবাধকতা চলে আসে।

তবে এই নির্বাচন নিয়ে আইনি প্রশ্ন উঠে আনিসুল হক মারা যাওয়ার পর পর। ২০১৫ সালের এপ্রিলের ভোটের পর দুটি ঢাকা উত্তর ও দক্ষিণ সিটিতে ১৮টি করে নতুন ওয়ার্ড যুক্ত হয়েছে। সিটি কর্পোরেশন আইন অনুযায়ী কাউন্সিলরদের মেয়াদ পাঁচ বছর। কিন্তু ঢাকা উত্তর সিটি মেয়র নির্বাচিত হবে আড়াই বছরের জন্য। আবার কাউন্সিলররা পাঁচ বছরের জন্য নির্বাচিত হলে আড়াই বছর পর আবার সিটি নির্বাচনে নতুন কাউন্সিলরদের মেয়াদের কী হবে এ নিয়ে নানা প্রশ্ন উঠে।

তবে নির্বাচন কমিশনের পক্ষ থেকে পরে জানানো হয়, ভোট নিয়ে কোনো আইনি জটিলতা নেই। আর জানুয়ারির প্রথম ভাগেই তফসিল ঘোষণার বিষয়েও জানিয়েছি নির্বাচন কমিশন।

বিডি প্রতিদিন/০৪ জানুয়ারি ২০১৭/আরাফাত